**ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ**
**বাংলাদেশ ব্যাংক**
**প্রধান কার্যালয়**
**ঢাকা।**

**১২ শ্রাবণ ১৪২৭**

**বিআরপিডি সার্কুলার লেটার নং-৩৯** **তারিখ ঃ -----------------**

**২৭ জুলাই ২০২০**

**ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী**
**বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।**

প্রিয় মহোদয়,

**পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে ঢাকা মহানগরীর বিভিন্ন ব্যাংক শাখায় স্বাভাবিক ব্যাংকিংসহ বর্ধিত সময়ের ব্যাংকিং কার্যক্রম চালু রাখা প্রসঙ্গে।**

আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশনের তত্ত্বাবধানে ও ব্যবস্থাপনায় পরিচালিত কোরবানির পশুর হাটগুলোতে প্রচুর ব্যবসায়ীর সমাগম ঘটে এবং বিপুল পরিমাণ নগদ অর্থের লেনদেন হয়ে থাকে। ফলে হাটগুলোতে আর্থিক লেনদেনের নিরাপত্তার বিষয়টি অতীব গুরুত্বপূর্ণ। উল্লেখ্য, কোরবানির পশুর হাটগুলোর নিকট দূরত্বেই বিভিন্ন ব্যাংক-শাখা তাদের নিয়মিত ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করে থাকে। হাটগুলোর নিকটবর্তী এসব ব্যাংক-শাখা ব্যবহার করে কোরবানীর পশু ব্যবসায়ীগণ তাদের পশু বিক্রির অর্থ লেনদেনে ব্যাংকের সহায়তা গ্রহণ করতে পারেন। তাছাড়া পশুর হাটে ব্যাংকের অস্থায়ী বুথ খোলা হলে পশু ব্যবসায়ীগণ উক্ত বুথে অর্থ লেনদেনে ব্যাংকের সহায়তা গ্রহণ করতে পারেন।

২. এমতাবস্থায়, ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশনের কোরবানির পশুর হাটের নিকটবর্তী শাখা স্বীয় বিবেচনায় নির্বাচন করে উক্ত শাখাসমূহে বিশেষ ব্যবস্থায় ৩০ জুলাই, ২০২০ তারিখ পর্যন্ত বর্ধিত সময়ের ব্যাংকিং (বিকাল ৪:০০ থেকে রাত ৮:০০ টা পর্যন্ত) কার্যক্রম চালু রাখার এবং ঈদ-উল-আযহা'র জন্য ঘোষিত ছুটির ১ম দিন, অর্থাৎ ঈদ-উল-আযহা'র পূর্বের দিন (৩১ জুলাই, ২০২০ তারিখ) উক্ত শাখাসমূহে সকাল ১০:০০ টা হতে রাত ৮:০০ টা পর্যন্ত স্বাভাবিক ব্যাংকিং কার্যক্রম চালু রাখার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার পরামর্শ দেয়া হলো।

৩. পর্যাপ্ত নিরাপত্তা নিশ্চিত করে কোরবানির পশুর হাটে স্বীয় বিবেচনায় অস্থায়ী বুথ স্থাপন করার পরামর্শ দেয়া হলো।

৪. সংশ্লিষ্ট ব্যাংক-শাখা/বুথগুলোতে অতিরিক্ত সময়ে দায়িত্বরত কর্মকর্তা-কর্মচারীদের বিশেষ ভাতা প্রদান করার বিষয়েও পরামর্শ প্রদান করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ নজরুল ইসলাম)
মহাব্যবস্থাপক
ফোন-৯৫৩০২৫২